গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
সেইফটি অধিশাখা

নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে পুনর্গঠিত "complaint committee"র সভা (ডিসেম্বর/২০২২) এর কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোছাঃ জুলিয়া জেসমিন<br>যুগ্ম মহাপরিদর্শক |
| সভার তারিখ | ১৮ ডিসেম্বর, ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এর কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি মহোদয় নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে পুনর্গঠিত "complaint committee"র ১ম সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র সার্বিক কার্যক্রমসহ বর্তমান অবস্থা বর্ণনা করেন।

২। যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এবং প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক বলেন যে, পুনর্গঠিত "complaint committee"র ১ম মাসিক সভা অনুষ্ঠিত হতে চলেছে এবং পরবর্তীতে এই সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হবে। কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানি প্রতিরোধে পুনর্গঠিত কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সদা প্রস্তুত থাকবে।

৩। প্রধান কার্যালয়ে গঠিত "complaint committee"র অন্যতম সদস্য জনাব মাহবুবা আক্তার, উপপরিচালক, এডভোকেসী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), মানবাধিকার কর্মী ও সদস্য, বলেন যে, যেহেতু বর্তমান সরকার কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে বদ্ধপরিকর, সেহেতু, সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তাদের মধ্যে এ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যৌন হয়রানী বিষয়ক অভিযোগ তদন্ত কার্যক্রম পরিচালনা, অভিযোগ নিষ্পত্তিসহ তদন্ত কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিটি বিষয় সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত “complaint committee”র সদস্যদের নিয়ে ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে বলে তিনি মতামত ব্যক্ত করেন।

এছাড়াও, তিনি বলেন যে, ব্লাস্ট, আইএলও, সেফটি এন্ড রাইটস সোসাইটি এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যৌথ আয়োজনে বিভাগীয় পর্যায়ে মতবিনিময় সভা, প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা যেতে পারে।

৪। যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এবং প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক, সভায় অবহিত করেন যে, নারীর প্রতি যৌন

হয়রানী প্রতিরোধে সচেতনতা সৃষ্টির জন্য ইতোমধ্যে সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

৫। প্রধান কার্যালয়ের "complaint committee"র অন্যতম সদস্য এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি, "complaint committee"র কার্যক্রমকে অধিকতর সক্রিয় করতে উক্ত কমিটির সদস্যদের তালিকা ফোন নম্বরসহ কার্যালয়সমূহের দৃশ্যমান স্থানে প্রদর্শিত করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

তিনি আরও বলেন যে, যৌন হয়রানী সম্পর্কে সংশোধিত শ্রম বিধিমালায় যে বর্ণনা রয়েছে, সে সম্পর্কে অবহিত করে তা বাস্তবায়নের জন্য ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে।

৬। জনাব মাহবুবা আক্তার, উপপরিচালক, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বলেন যে, নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে ও “complaint committee”র কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য SOP প্রস্তুত করা যেতে পারে।

এছাড়াও, তিনি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিয়মিত পরিদর্শন কার্যক্রমে কারখানা ও প্রতিষ্ঠানসমূহে গঠিত “complaint committee”র কার্যক্রম পর্যবেক্ষণ করা হয় কি না তা জানতে চান।

জবাবে অত্র দপ্তরের আইন কর্মকর্তা জনাব মাসুম বিল্লাহ বলেন যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিয়মিত পরিদর্শন কার্যক্রমে কারখানা ও প্রতিষ্ঠানসমূহে গঠিত “complaint committee”র কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়। তবে, এ বিষয়ের গুরুত্ব বিবেচনায় কারখানা পরিদর্শনের সময় কারখানার অভ্যন্তরীণ “complaint committee” সক্রিয়ভাবে কাজ করছে কিনা তা দেখার জন্য জেলা কার্যালয়সমূহের উপমহাপরিদর্শক বরাবর পত্র প্রদান করা যেতে পারে মর্মে মহাপরিদর্শক মহোদয় বরাবর সুপারিশ করা যেতে পারে বলে অভিমত ব্যক্ত করেন।

৭। যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এবং প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক সভায় অবহিত করেন যে, রিট পিটিশন নং-৫৯১৬/২০০৮ এর ১৪-০৫-২০০৯ তারিখের রায়ের নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অত্র দপ্তরের গৃহীত কার্যক্রম ও তার বাস্তবায়ন, প্রধান কার্যালয়সহ ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র কার্যক্রম, সভাসমূহের সিদ্ধান্ত, সুপারিশ, পরবর্তী কার্যক্রমসহ বিস্তারিত বর্ণনা করে মন্ত্রণালয়ে বার্ষিক প্রতিবেদন প্রেরণ করা যেতে পারে।

তিনি আরো বলেন যে, ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত “complaint committee”র অফিস আদেশসমূহ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে। এছাড়াও, একটি কর্ণার স্থাপন করা যেতে পারে, যেখানে "complaint committee”র কার্যক্রম সংক্রান্ত ডকুমেন্টস আপলোড দেয়া থাকবে।

<u>সিদ্ধান্তসমূহঃ</u>

১। স্পনসর/বাজেট প্রাপ্তি সাপেক্ষে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে নিয়ে বিভাগীয় পর্যায়ে দিনব্যাপী মতবিনিময় সভা, প্রশিক্ষণ, কর্মশালা আয়োজন করা হবে।

২। কারখানা পরিদর্শনের সময় কারখানার অভ্যন্তরীণ “complaint committee” সক্রিয় আছে কিনা তা দেখার জন্য জেলা কার্যালয়সমূহের উপমহাপরিদর্শক বরাবর পত্র প্রদান করা যেতে পারে মর্মে মহাপরিদর্শক মহোদয় বরাবর

সুপারিশ করা হবে।

৩। যৌন হয়রানী সম্পর্কে শ্রম বিধিমালায় যে বর্ণনা রয়েছে, সে সম্পর্কে অবহিত করে ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে।

৪। "complaint committee"র সদস্যদের তালিকা ফোন নম্বরসহ কার্যালয়সমূহের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৫। নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য একটি SOP প্রস্তুত করা যেতে পারে।

৬। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রধান কার্যালয়সহ উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে "complaint committee" গঠনের অফিস আদেশসমূহ প্রকাশ করতে হবে। ওয়েবসাইটে "complaint committee' সংক্রান্ত একটি কর্ণার স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। "complaint committee"র কার্যক্রম সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোছাঃ জুলিয়া জেসমিন
যুগ্ম মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০২.১৮.০০৬.২১.১৮

তারিখ: ২৬ পৌষ ১৪২৯
১০ জানুয়ারি ২০২৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) যুগ্ম মহাপরিদর্শক, সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩) যুগ্ম মহাপরিদর্শক, সাধারণ অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৪) যুগ্ম মহাপরিদর্শক, অর্থ ও পরিকল্পনা অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৬) আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৭) এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি
৮) জনাব মাহবুবা আক্তার, উপ-পরিচালক, এডভোকেসী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), মানবাধিকার কর্মী ও সদস্য
৯) সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০) সহকারি মহাপরিদর্শক (স্বাস্থ্য), নারী ও শিশুশ্রম উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১১) সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১২) অফিস কপি



মোছাঃ জুলিয়া জেসমিন
যুগ্ম মহাপরিদর্শক